

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি/১৯৯১/২০১১/১৮২৩


তারিখ : ২৭/১২/২০১৬ খ্রি:

বিষয় : উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ছুটি ঘোষণা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় গত ২৪/১২/২০১৬ খ্রিঃ তারিখ রোজ শনিবার গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ পরিদর্শনের ইচ্ছা পোষন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান অধ্যক্ষ জনাব মোঃ সিরাজুল ইসলাম-কে টেলিফোন/মোবাইলে যোগাযোগ করা হলে তা বন্ধ পাওয়া যায়। প্রতিষ্ঠানের অন্যান্য শিক্ষকদের সাথে যোগাযোগ করে জানা যায় যে, গত ২২/১২/২০১৬ খ্রিঃ হতে ৩১/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত শীতকালীন ছুটি ঘোষণা করা হয়েছে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর ছুটির তালিকা পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত সময়ে এসএসসি (ভোকেশনাল) এর শিক্ষা কার্যক্রম শিক্ষা ছুটির আওতাভুক্ত থাকলেও এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম চলমান রয়েছে।

২। তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের বিনানুমতিতে প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করেন। এছাড়া উক্ত বিষয়ে তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন কিম্বা অবহিত করেননি।

এমতাবস্থায়, এ বিষয়ের পরিপ্রেক্ষিতে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে মতামত/ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।


২৭.১২.২০১৬

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

জনাব মোঃ সিরাজুল ইসলাম

অধ্যক্ষ

গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ

গাছা, গাজীপুর।

পিআইএমএস আইডি নং-৬৪৩৭৬৮১১০৭

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।